গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশ**

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প-ডিডিএম অংশের ত্রৈমাসিক অগ্রগতি পর্যালচনা সভা (এপ্রিল-জুন ২০২৫), জামালপুর জেলা -এর কার্যবিবরণী**

প্রধান অতিথি : রেজওয়ানুর রহমান, মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

বিশেষ অতিথি : হাছিনা বেগম, জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর

সভাপতি : জনাব নিতাই চন্দ্র দে সরকার, প্রকল্প সমন্বয়ক ও পরিচালক (এমআইএম, চ.দা.), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

তারিখ : ৩১-০৭-২০২৫ খ্রি.

সময় : দুপুর ০১:০০ – বিকাল ৫:০০ টা

স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, জামালপুর

উপস্থিতি: তালিকা সংযুক্ত।

সভায় উপস্থিত জনাব আলমগীর হোসেন, জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর মহোদয় সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। উপ-প্রকল্প সমন্বয়ক, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট ও সহকারি পরিচালক (জিআইএস/আরএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর মোঃ হাফিজুর রহমান প্রকল্পের লক্ষ্য, উদ্দেশ্য ও মূল কার্যক্রমগুলো সংক্ষেপে তুলে ধরেন।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১। | প্রকল্পের অগ্রগতি | প্রকল্পের কার্যক্রমসমূহের ক্রমপুঞ্জিভুত অগ্রগতি, বিগত ত্রৈমাসিকের অগ্রগতি এবং বর্তমানে চলমান ও পরবর্তী ত্রৈমাসিকের পরিকল্পিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়। | প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে এগিয়ে নিতে ত্রৈমাসিক পরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ও সম্পন্ন করতে হবে। | টিম লিডার ও প্রোগ্রাম ম্যানেজার |
| ০২। | আগাম সতর্কীকরণ সেবার সম্প্রসারণ | বাংলাদেশ সরকার ২০২৭ সালের মধ্যে দুর্যোগের আগাম সতর্কবার্তা সকলের কাছে পৌঁছে দেয়ার লক্ষ্যে কাজ করছে। এপ্রেক্ষিতে, বন্যার আগাম পূর্বাভাস ও সতর্কবার্তা প্রচারের সেবাটি আরও বিস্তৃত করার বিষয়ে সভায় আলোচনা হয়। | ভয়েস মেসেজের মাধ্যমে বন্যার আগাম সতর্কবার্তা প্রচারের পরিধি বৃদ্ধি করার জন্য স্থানীয় জনগোষ্ঠীর প্রতিনিধিদের (যেমন- ইমাম, পুরোহিত, শিক্ষক ইত্যাদি) মোবাইল নম্বর সংগ্রহ করে ভয়েস মেসেজ পোর্টালের ডাটাবেজে অন্তর্ভুক্ত করতে হবে। | ফিল্ড ফ্যাসিলিটেটর, রিজিওনাল কোঅর্ডিনেটর ও আইসিটি স্পেশালিস্ট |
| ০৩। | কিয়স্ক ড্যাশবোর্ডগুলো সক্রিয় রাখা | নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নিশ্চিত করার মাধ্যমে প্রকল্প থেকে উপজেলা পরিষদে স্থাপিত কিয়স্ক ড্যাশবোর্ডগুলো অফিস চলাকালীন সময়ে সর্বক্ষণ চালু রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | কিয়স্ক ড্যাশবোর্ড ও অ্যাপ্লিকেশন থেকে সার্বক্ষনিক সেবা পেতে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ ও ইন্টারনেট সংযোগ নিশ্চিত করার বিষয়ে উপজেলা পরিষদ, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা ও অন্যান্য সংশ্লিষ্টদের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | ফিল্ড ফ্যাসিলিটেটর ও রিজিওনাল কোঅর্ডিনেটর |

| ক্র.নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪। | বিবিধ | প্রকল্পের অধীনে প্লাবন মানচিত্র কীভাবে তৈরি করা হয়, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, জামালপুর মহোদয় সে বিষয়ে জানতে চাইলে প্রকল্প সমন্বয়ক জানান, বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য ও ডিজিটাল এলিভেশন মডেল ডাটা ব্যবহার করে ইনানডেশন মডেলিং এর মাধ্যমে ইউনিয়ন পর্যায় পর্যন্ত প্লাবন মানচিত্র তৈরি করা হয়।<br><br>সভায় প্রধান অতিথি দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় বলেন, বন্যায় প্রাণহানির সংখ্যা কমলেও বন্যার কারণে আমরা এখনও বিপুল আর্থিক ক্ষয়ক্ষতির সম্মুখীন হচ্ছি। প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের বিষয়ে সচেতনতা বৃদ্ধির মাধ্যমে বন্যা ও অন্যান্য দুর্যোগে আর্থিক ক্ষয়ক্ষতির পরিমাণ কমিয়ে আনা সম্ভব। এক্ষেত্রে পানি সমতল বৃদ্ধি পেলে প্রধান খাতগুলোর (কৃষি, প্রাণীসম্পদ, মৎস্য ইত্যাদি) জন্য করণীয় সম্পর্কে যথাযথ তথ্য ও পরামর্শ আগাম সতর্কীকরণ সেবায় অন্তর্ভুক্ত করতে হবে। স্থানীয় কর্মকর্তা ও জনগণের মতামত জানতে ত্রৈমাসিক সভাগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে মর্মে তিনি আশাবাদ ব্যক্ত করেন। | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২/৮
২০২৫

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম- চ.দা.)

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.০৬.০২৪.২৪. ১১৫ (ক) তারিখ: ১২-০৮-২০২৫ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। জেলা প্রশাসক, জামালপুর।
২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), জামালপুর।
৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জামালপুর।
৬। নির্বাহী প্রকৌশলী, পানি উন্নয়ন বোর্ড, জামালপুর।
৭। উপপরিচালক, কৃষিসম্প্রসারণ অধিদপ্তর, জামালপুর।
৮। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, জামালপুর।
৯। উপজেলা নির্বাহী অফিসার (দেওয়ানগঞ্জ/বকশিগঞ্জ/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ), জামালপুর।
১০। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা (দেওয়ানগঞ্জ/বকশিগঞ্জ/ইসলামপুর/মেলান্দহ/মাদারগঞ্জ), জামালপুর।
১১। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, রাইমস, ঢাকা।
১২। টিম লিডার/ প্রোগ্রাম ম্যানেজার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৩। হাইড্রোলজিক সিস্টেম ডেভেলপার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৪। জিআইএস স্পেশালিষ্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৫। আইসিটি স্পেশালিস্ট, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৬। ফাইন্যান্স এন্ড এডমিন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৭। কমিউনিকেশন অফিসার, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৮। রিজিওনাল কো-অর্ডিনেটর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।
১৯। ফিল্ড ফ্যাসিলিটেটর, কুড়িগ্রাম/ গাইবান্ধা/ জামালপুর, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

২০। পিএ টু মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২১। অফিস সেক্রেটারি, প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট।

২২। অফিস কপি/গার্ড ফাইল।

(মোঃ হাফিজুর রহমান)
উপ-প্রকল্প সমন্বয়ক
ও
সহকারি পরিচালক (জিআইএস/আরএম)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট